৫। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ:** বিধিমালার বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর অধীন যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হয়েছে সে প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা

বিধি ১৮ এর উপ-বিধি (১) ও (২) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ৩ (তিন) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী নিযুক্ত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করতে পারবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ-কে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে (সংলগ্নী-৩)।

৬। **প্রার্থী হওয়ার যোগ্যতা ও অযোগ্যতার বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ**: উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ ও পরিচালনার সুবিধার্থে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৮ ধারায় উল্লিখিত যোগ্যতা-অযোগ্যতা সম্বলিত উদ্ধৃতাংশ এতদসংগে প্রেরণ করা হল (পরিশিষ্ট-খ)।

৭। **ভোটার তালিকার সিডি সংগ্রহঃ** উপজেলা পরিষদ নির্বাচনের জন্য বর্তমানে প্রণীত ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করতে হবে। ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার/সহকারি প্রিজাইডিং অফিসার ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করবেন। তবে প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় করতে হবে। এ বিষয়ে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৩০ এর উপ-বিধি (৪)(খ) নিম্নরূপঃ

> "সিটি বা পৌর এলাকার ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক, পল্লী এলাকার ক্ষেত্রে ইউনিয়ন ভিত্তিক এবং ক্যান্টনমেন্ট বোর্ড এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ড এলাকা ভিত্তিক ছবি ছাড়া ভোটার তালিকার ইলেক্ট্রনিক কপি ৫০০.০০ (পাঁচশত) টাকা পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাইবে।"

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর উক্ত বিধি অনুসরণ করে আগ্রহী সকল প্রার্থীকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে মনোনয়নপত্র গ্রহণের সময় ছবি ছাড়া ভোটার তালিকার সিডি নির্ধারিত অর্থের ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিতে হবে। **ট্রেজারি চালানের কোড নং "১-০৬০১-০০০১-২৬৩১"** (পুরাতন কোড) **অথবা "১০৬-০১০১-১০০১২৫-১৪৪১২৯৯" (নতুন কোড)**। উল্লেখ্য, কোন অবস্থাতেই কোন ভোটার, প্রার্থী, নির্বাচনি এজেন্ট, পোলিং এজেন্ট বা অন্য কাউকেও ছবিসহ ভোটার তালিকার সিডি বিক্রয় করা যাবে না বা তার অনুলিপি প্রদান করা যাবে না। ছবিসহ ভোটার তালিকার কোন ফটোকপিও নির্বাচন কমিশন সচিবালয়ের অনুমতি/নির্দেশনা ছাড়া তৈরি করা যাবে না। ছবিসহ ভোটার তালিকা শুধুমাত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ব্যবহার করবেন।

৮। **মুদ্রিত ছবিসহ ভোটার তালিকার সাথে ছবিছাড়া সিডি যাচাই:** প্রার্থীদেরকে প্রদত্ত ছবিছাড়া ভোটার তালিকার সিডির সাথে ছবিসহ মুদ্রিত ভোটার তালিকা শতভাগ যাচাই করে ভোটকেন্দ্রে প্রেরণ করতে হবে।

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

(স্বাক্ষর) ৭/২/১৯

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

প্রাপক:
১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),................ ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৮.১৯-৩৩

তারিখ: ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

১০. বিভাগীয় কমিশনার, ...................................(সংশ্লিষ্ট)
১১. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১২. পুলিশ কমিশনার, ...................................... মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, .................................... (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................... (সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. পুলিশ সুপার, .................................... (সংশ্লিষ্ট)
২২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), .................................................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২৪. উপজেলা নির্বাহী অফিসার, ................................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২৬. জেলা তথ্য অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. উপজেলা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সকল)
৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................... (সংশ্লিষ্ট)
৩৪. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

০৭/০২/১৯
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: sas_emc2@ecs.gov.bd

# গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী সংযোজিত তফসিলে বর্ণিত উপজেলাসমূহের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ________________ |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ________________ |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ________________ |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ________________ |

২। এক্ষণে, সেহেতু, আমি ......................................................................, ............................ ও রিটার্নিং
(নাম) (পদবি)
অফিসার,..........................................................................উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, ..................................................................................উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে ........................................................................ (কার্যালয়ের নাম ও ঠিকানা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে ............................................................................ (কার্যালয়ের নাম ও ঠিকানা) আগামী .......**ফেব্রুয়ারি ২০১৯/ মাঘ ১৪২৫** তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল **০৯টা হতে বিকাল ০৫টা** পর্যন্ত গ্রহণ করা হবে।

৩। উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনেও মনোনয়নপত্র দাখিলের সুযোগ রয়েছে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

“পরিশিষ্ট - ঙ”

# উপজেলা পরিষদ আইন, ১৯৯৮

( ১৯৯৮ সনের ২৪ নং আইন )

[৩ ডিসেম্বর, ১৯৯৮]

**চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের যোগ্যতা ও অযোগ্যতা**

[১][ ৮। (১) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;

(খ) তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়; এবং

(গ) তিনি ধারা ১৯ এ উল্লিখিত ভোটার তালিকাভুক্ত হন।

(২) কোন ব্যক্তি চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার এবং থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;

(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(গ) দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(ঘ) কোন নৈতিক স্খলনজনিত ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তি লাভের পর পাঁচ বৎসর অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) প্রজাতন্ত্রের বা পরিষদের অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;

(চ) তিনি জাতীয় সংসদে সদস্য বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সদস্য হন বা থাকেন;

(ছ) কোন বিদেশী রাষ্ট্র হইতে অনুদান বা তহবিল গ্রহণ করে এইরূপ বেসরকারি সংস্থার প্রধান নির্বাহী পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ বা পদচ্যুতির পর এক বৎসর অতিবাহিত না হইয়া থাকেন;

(জ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট উপজেলা এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তাঁহার নিজ নামে বা তাঁহার ট্রাস্টি হিসাবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাঁহার সুবিধার্থে বা তাঁহার উপলক্ষে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাঁহার কোন অংশ বা স্বার্থ আছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

ব্যাখ্যা।–উপরি-উক্ত দফা (জ) এর উল্লিখিত অযোগ্যতা কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য

হইবে না যেই ক্ষেত্রে-

(অ) চুক্তিটিতে অংশ বা স্বার্থ তাঁহার উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদি না উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস অতিবাহিত হয়; অথবা

(আ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন পাবলিক কোম্পানীর দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে যাহার তিনি একজন শেয়ারহোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোন লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালকও নহেন ম্যানেজিং এজেন্টও নহেন; অথবা

(ই) তিনি কোন যৌথ হিন্দু পরিবারের সদস্য হিসাবে চুক্তিটিতে তাঁহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোন স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোন সদস্য কর্তৃক চুক্তি সম্পাদিত হইয়া থাকে;

(ঝ) তাহার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট উপজেলার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা উপজেলার কোন বিষয়ে তাঁহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

ব্যাখ্যা।–দফা (ঝ) এর উদ্দেশ্য সাধনকল্পে "পরিবার" অর্থে সংশ্লিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল তাহার পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী, পুত্র ও কন্যাকে বুঝাইবে।

(ঞ) মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী রাখেনঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত নিজস্ব বসবাসের নিমিত্ত গৃহ-নির্মাণ অথবা ক্ষুদ্র কৃষি ঋণ ইহার আওতাভুক্ত হইবে না;

(ট) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যাহার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে পরিশোধে খেলাপী হইয়াছেন;

ব্যাখ্যা।– উপরি-উক্ত দফা (ঞ) ও (ট) এর উদ্দেশ্য সাধনকল্পে "খেলাপী" অর্থ ঋণ গ্রহীতা ছাড়াও যিনি বা যাঁহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্ম Banker's Book of Account এ ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত আছে তাঁহাদেরকেও বুঝাইবে।

(ঠ) পরিষদের নিকট হইতে কোন ঋণ গ্রহণ করেন এবং তাহা অনাদায়ী থাকে;

(ড) সরকার কর্তৃক নিয়োগকৃত নিরীক্ষকের প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত দায়কৃত অর্থ পরিষদকে পরিশোধ না করিয়া থাকেন;

(ঢ) কোন সরকারি বা আধা-সরকারি দপ্তর, কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, সমবায় সমিতি বা প্রতিরক্ষা কর্ম বিভাগের চাকুরী হইতে নৈতিক স্খলন, দুর্নীতি, অসদাচরণ ইত্যাদি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া চাকুরীচ্যুত, অপসারিত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং তাঁহার এইরূপ চাকুরীচ্যুতি, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের পর পাঁচ বৎসর কাল অতিক্রান্ত না হইয়া থাকে;

(ণ) উপজেলা পরিষদের তহবিল তসরুফের কারণে দণ্ডপ্রাপ্ত হন;

(ত) বিগত পাঁচ বৎসরের মধ্যে যে কোন সময়ে দণ্ডবিধির ধারা ১৮৯, ১৯২, ২১৩, ৩৩২,৩৩৩ ও ৩৫৩ এর অধীন দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হন;

(থ) জাতীয় বা আন্তর্জাতিক আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক যুদ্ধাপরাধী হিসাবে দোষী সাব্যস্ত হন;

(দ) কোন আদালত কর্তৃক ফেরারী আসামী হিসাবে ঘোষিত হন।

(৩) প্রত্যেক উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র দাখিলের সময় এই মর্মে একটি হলফনামা দাখিল করিবেন যে, উপ-ধারা (২) এর অধীন তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচনের অযোগ্য নহেন।]

---

১ ধারা ৮ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ২১ নং আইন) এর ৩ ধারাবলে প্রতিস্থাপিত।

Copyright © 2010, Legislative and Parliamentary Affairs Division
Ministry of Law, Justice and Parliamentary Affairs

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৮.১৯-৩৪

তারিখ: ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

# পরিপত্র-২

**বিষয় : পঞ্চম উপজেলা পরিষদের ২য় পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিল, জামানত, প্রস্তাবকারী-সমর্থনকারীর যোগ্যতা, সারবত্তাহীন ত্রুটি, মনোনয়নপত্র বাছাই, বাতিলের পদ্ধতি, আপিল, বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ, প্রার্থিতা প্রত্যাহার ও ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, পঞ্চল উপজেলা পরিষদের ২য় পর্যায়ের নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে মনোনয়নপত্র দাখিল ও গ্রহণ, জামানত, প্রস্তাবক-সমর্থকের যোগ্যতা, মনোনয়নপত্র বাছাই, বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ, প্রার্থিতা প্রত্যাহার, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রেরণ ও নির্বাচনের অন্যান্য কার্যক্রম সম্পর্কে বিধানাবলী নিম্নে উল্লেখ করা হলো:

২। **মনোনয়নপত্র দাখিল:** উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৮ অনুসারে যোগ্য ব্যক্তিগণ ফরম-ক, ক-১ ও ক-২ এ সরাসরি বা অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিল করবেন। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত কাগজপত্র ফরমের নমুনা অনুযায়ী যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে বা নিম্নে উল্লিখিত যথাযথ প্রক্রিয়ায় অলাইনে পূরণ করে সাবমিট করতে হবে।

(১) সরাসরি মনোনয়নপত্র দাখিল: উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৫)(ক) অনুসারে সরাসরি মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে প্রত্যেকটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক তা দাখিলের নির্ধারিত তারিখের মধ্যে বা তার পূর্বে রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে পারবেন এবং রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসার তা প্রাপ্তির তারিখ ও সময় মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করবেন।

(২) অনলাইনে মনোনয়নপত্র দাখিল: উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৫)(খ) অনুসারে কোন প্রার্থী অনলাইনে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(অ) প্রার্থী প্রথমে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটের নির্ধারিত লিংকে প্রবেশ করে জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, বিভাগ, জেলা ও উপজেলার নাম এন্ট্রি করে রেজিস্ট্রেশন করবেন এবং রেজিস্ট্রেশন সম্পন্ন করার সাথে সাথেই তিনি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন;

(আ) প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম-ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১ এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২ পাবেন;

(ই) প্রার্থী অনলাইনে সংশ্লিষ্ট মনোনয়নপত্রটি পূরণ করবেন এবং মনোনয়নপত্র পূরণ সম্পন্ন হওয়ার পর পূরণকৃত তথ্যাদি সঠিক আছে কি না তা যাচাই করার পর উক্ত পূরণকৃত মনোনয়ন ফরমটি প্রিন্ট করে সংশ্লিষ্ট স্থানে প্রস্তাবকারী, সমর্থনকারী ও প্রার্থী স্বাক্ষর প্রদান করবেন;

(ঈ) স্বাক্ষরিত মনোনয়ন ফরম, জামানতের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফ্ট এবং উপবিধি (৩) (ঈ) তে উল্লিখিত হলফনামা ও উপবিধি (৩)(ইই) তে উল্লিখিত রাজনৈতিক দলের মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) বা উপবিধি (৩)(ইইই) তে উল্লিখিত স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে ভোটারের সমর্থনযুক্ত স্বাক্ষরের তালিকাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট কাগজপত্রাদির যথাযথস্থানে স্বাক্ষর করতঃ স্ক্যান করিয়া পিডিএফ (Portable document format) আকারে দাখিল করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এস এম এস এর মাধ্যমে দাখিলের বিষয় নিশ্চিত করা হবে;

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(ঊ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্র ফরম-খ তে লিপিবদ্ধ করিয়া ক্রমিক নম্বর প্রদান করবেন; প্রদত্ত ক্রমিক নম্বর মনোনয়নপত্রে পঞ্চম খন্ডে উল্লেখপূর্বক প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় লিপিবদ্ধ করবেন এবং রিটার্নিং অফিসার কখন, কোথায় মনোনয়নপত্র বাছাই করবেন তা উল্লেখ করে স্বাক্ষর ও সিলমোহর প্রদানপূর্বক পিডিএফ ফাইলের মাধ্যমে অনলাইনে প্রার্থীকে প্রদান করবেন;

(ঊ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে এবং দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে এই মর্মে একটি প্রত্যয়নপত্র প্রদান করতে হবে যে, অনলাইনে দাখিলকৃত কাগজপত্রের সাথে মূল কপির অবিকল মিল আছে।

৩। **অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পদ্ধতি স্থানীয়ভাবে প্রচার :** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ উপবিধি (৫)(খ) অনুযায়ী অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পদ্ধতি সম্পর্কে নির্বাচন কমিশন সচিবালয় হতে বিভিন্ন প্রিণ্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রিটার্নিং অফিসারগণও স্থানীয়ভাবে উল্লিখিত অনলাইনে মনোনয়নপত্র দাখিলের বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। **জামানত:** (১) প্রতিটি মনোনয়নপত্রের সাথে, চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ১০,০০০/= (দশ হাজার) টাকা জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা পে অর্ডার বা ব্যাংক ড্রাফট জমা দিতে হবে:

তবে শর্ত থাকে যে, কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে, একাধিক জামানতের প্রয়োজন হবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত টাকা জমা দেওয়া না হলে, রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র গ্রহণ করবেন না।

(৩) রিটার্নিং অফিসার এই বিধির অধীন জমাকৃত টাকা সম্পর্কিত তথ্যাদি ফরম 'খ' তে বিধৃত রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

(৪) কোন প্রার্থী কর্তৃক টাকা **৬/০৬০১/০০০১/৮৪৭৩** নম্বর অথবা সর্বশেষ সংশোধিত কোডে জমা দিতে হবে।

৫। **প্রস্তাবকারী-সমর্থনকারীর যোগ্যতা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (১) অনুসারে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট উপজেলার যে কোন ভোটার, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচিত হবার যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

৬। **<u>সারবত্তাহীন ত্রুটি:</u>** মনোনয়নপত্র বাছাইয়ের সময় ছোটখাট ত্রুটির জন্য কোন মনোনয়নপত্র বাতিল করা যাবে না। যদি বাছাইয়ের সময় এমন কোন ত্রুটি বিচ্যুতি নজরে আসে যা তাৎক্ষণিকভাবে সংশোধন সম্ভব, তা হলে মনোনয়নপত্র দাখিলকারীর দ্বারা তা সংশোধন করিয়ে নিতে হবে। কোন প্রার্থীর একটি মনোনয়নপত্র বাতিল হওয়ার কারণে ঐ প্রার্থীর অন্য কোন বৈধ মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে না। অর্থাৎ শুধুমাত্র একটি মনোনয়নপত্র বৈধ হলেই তাঁর প্রার্থীপদ অটুট থাকবে। যদি কোন প্রার্থী একাধিক মনোনয়নপত্র দাখিল করেন তবে বাছাইয়ের সময় একটি মনোনয়নপত্র বৈধ পাওয়া গেলে অন্য মনোনয়নপত্র বাছাইয়ের প্রয়োজন হবে না। মনোনয়নপত্র গ্রহণ অথবা বাতিল প্রসংগে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত মনোনয়নপত্রের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করতে হবে। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩)(ই) অনুসারে ভোটার তালিকার কোন অন্তর্ভুক্তির শুদ্ধতা অথবা বৈধতার প্রশ্নে কোন অনুসন্ধান চালানো যাবে না। তবে বিশেষভাবে উল্লেখ্য যে, হলফনামায় উল্লিখিত কোন তথ্য পরিবর্তন বা সংশোধন করা যাবে না।

৭। **ভোটার তালিকার ভিত্তিতে নামের শুদ্ধতা নির্ধারণ:** উপজেলা নির্বাচনে প্রার্থী হলে সংশ্লিষ্ট উপজেলার যে কোন ভোটার এলাকার ভোটার তালিকায় নাম থাকতে হবে। ফলে মনোনয়নপত্রে প্রার্থী ভোটার তালিকায় ক্রমিক নম্বর, ভোটার নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বরও লিপিবদ্ধ করতে হবে। ভোটার তালিকায় অনেক প্রার্থীর নামের বানান অথবা পিতার নাম, স্বামীর নাম ঠিকানা বা এ সংক্রান্ত তথ্য সঠিকভাবে নাও থাকতে পারে। ভোটার তালিকায় এ ধরনের ভুল অনেকের দৃষ্টি গোচর হওয়া সত্ত্বেও প্রয়োজনীয় সংশোধন করা সম্ভব হয়নি। শুদ্ধভাবে প্রার্থীর নামসহ অন্যান্য তথ্য প্রদান করতে গিয়ে ভোটার তালিকায় উল্লিখিত নাম বা অন্যান্য তথ্যের সাথে হুবহু নাও মিলতে পারে। এ ধরনের অমিলের কারণে মনোনয়নপত্র বাতিল করা যাবে না। মনোনয়নপত্রে ভোটার তালিকায় ক্রমিক নং, ভোটার নম্বর, ভোটার এলাকার নাম বা জাতীয় পরিচয়পত্র নম্বর লিপিবদ্ধকরণে কোন ভুল করলেও মনোনয়নপত্র বাতিল করা যাবে না। অনুরূপভাবে প্রস্তাবকারী ও সমর্থনকারীর ক্ষেত্রেও উক্তরূপ ভিন্নতা ও শুদ্ধিকরণ গ্রহণযোগ্য হবে। উল্লিখিত ক্ষেত্রে প্রার্থীর বা প্রস্তাবকারী বা সমর্থনকারীর

নামের বানান ও তথ্যাদি যাচাইয়ের জন্য প্রার্থীর বা প্রস্তাবকারী বা সমর্থনকারীর এসএসসি পাশের সার্টিফিকেট বা অন্য কোন সার্টিফিকেট অথবা স্বীকৃত কোন পরিচয়পত্র দেখে নিশ্চিত হতে হবে।

৮। **মনোনয়নপত্র বাছাই:** (১) রিটার্নিং অফিসার বিধি ১৭ অনুসারে সকল মনোনয়নপত্র বাছাই করবেন। রিটার্নিং অফিসারের কাছে দাখিলকৃত মনোনয়নপত্রের সাথে সহকারী রিটার্নিং অফিসার থেকে প্রাপ্ত দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ একত্র করে মনোনয়নপত্রসমূহ বাছাই করার সময় প্রার্থীগণ, তাদের নির্বাচনি এজেন্ট, প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন এবং রিটার্নিং অফিসার বিধি ১৫ এর অধীন তাঁর কাছে এবং সহকারী রিটার্নিং অফিসারের কাছে দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষার জন্য তাঁদের যুক্তিসংগত সুযোগ প্রদান করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১৭ এর উপ-বিধি (১) এর অধীন বাছাইয়ের সময় উপস্থিত ব্যক্তিদের সামনে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করবেন এবং উক্তরূপ কোন ব্যক্তি কর্তৃক কোন মনোনয়নের ক্ষেত্রে উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করবেন।

(৩) মনোনয়নপত্রসমূহ বাছাই এর সময় যাতে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি ঋণখেলাপীদের তথ্য নিয়ে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ফৌজদারী মামলা সম্পর্কিত তথ্য নিয়ে, জাতীয় রাজস্ব বোর্ডের স্থানীয় প্রতিনিধি আয়কর রিটার্নের তথ্যসহ, স্থানীয় উপজেলা পরিষদের প্রতিনিধি ঠিকাদার বা আর্থিক সংশ্লেষ আছে এমন ব্যক্তিদের তথ্য নিয়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপস্থিত থাকেন সেজন্য রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অনুরোধ জানাবেন। মনোনয়নপত্রসমূহ পরীক্ষার সময় তাদের প্রদত্ত তথ্য গুরুত্ব সহকারে গ্রহণ করতে হবে।

৯। **মনোনয়নপত্র বাতিলের পদ্ধতি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ১৭ বিধির (৩) উপ-বিধি অনুসারে রিটার্নিং অফিসার স্ব-উদ্যোগে অথবা বিধি ১৭ এর উপবিধি (১) এ উল্লিখিত কোন ব্যক্তির আপত্তির প্রেক্ষিতে উপযুক্ত অথবা সংক্ষিপ্ত তদন্ত অনুষ্ঠানের পর যে কোন মনোনয়নপত্র বাতিল করতে পারবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে,-

(ক) প্রার্থী চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বা, ক্ষেত্রমত, মহিলা সদস্য হিসাবে মনোনীত হওয়ারযোগ্য নন; বা

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্রে স্বাক্ষর করার যোগ্য নন; বা

(গ) বিধি ১৫ বা বিধি ১৬ এর কোন বিধান পালন করা হয়নি; বা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর সঠিক নয়; বা

(ঙ) বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ঈ) অনুযায়ী হলফনামা দাখিল করা হয়নি, বা দাখিলকৃত হলফনামায় অসত্য তথ্য প্রদান করা হয়েছে, বা অসম্পূর্ণ তথ্য প্রদান করা হয়েছে বা হলফনামায় উল্লিখিত কোন তথ্যের সমর্থনে যথাযথ সার্টিফিকেট, দলিল, ইত্যাদি দাখিল করা হয়নি। তবে,

(অ) বাতিলকৃত কোন মনোনয়নপত্র কোন প্রার্থীর বৈধ মনোনয়নপত্রকে অবৈধ করবেনা;

(আ) রিটার্নিং অফিসার গুরুতর নয়, যেমন- প্রার্থীর বা প্রস্তাবকারীর বা সমর্থনকারীর বা ভোটার এলাকার বা নির্বাচনি এলাকার নামের বানান ভুল অথবা তাদের কারো পরিচিতি নম্বর বা ভোটার নম্বর ত্রুটিপূর্ণ হলে এরূপ কোন ত্রুটির কারণে কোন মনোনয়নপত্র বাতিল করবেন না এবং অনুরূপ ত্রুটি তাৎক্ষণিকভাবে সংশোধন করার জন্য সুযোগ প্রদান করতে পারবেন; এবং

(ই) রিটার্নিং অফিসার ভোটার তালিকায় লিপিবদ্ধ কোন বিষয়ের শুদ্ধতা বা বৈধতা সম্পর্কে তদন্ত করতে পারবেন না।

১০। **আপিল:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৭ এর উপ-বিধি (৩) এর অধীন রিটার্নিং অফিসার কর্তৃক কোন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হলে উক্ত প্রার্থী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে বিধি ১৮ এর উপ-বিধি (৩) এর অধীন নিযুক্ত কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন। বিধি ১৮ এর উপ-বিধি (২) অনুসারে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা মনোনয়নপত্র গ্রহণ সম্পর্কে প্রদত্ত রিটার্নিং অফিসারের আদেশে সংক্ষুব্ধ হন, তাহলে উক্ত কর্মকর্তা মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে বিধি ১৮ এর উপ-বিধি উপ-বিধি (৩) এ উল্লিখিত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন।

১১। **বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ:** রিটার্নিং অফিসার, বিধি ১৭ এর অধীন মনোনয়নপত্র বাছাইয়ের পর, বৈধভাবে মনোনীত প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রস্তুত ও প্রকাশ করবেন। বিধি ১৮ এর অধীন যদি কোন আপিল দায়ের করা হয়ে থাকে, তাহলে উক্ত আপিলের উপর সিদ্ধান্ত প্রাপ্তির পর, প্রস্তুতকৃত প্রাথমিক তালিকায় প্রয়োজনীয় সংশোধপূর্বক

বৈধভাবে মনোনীত প্রার্থীগণের নামের চুড়ান্ত তালিকা ফরম ''গ'' তে প্রস্তুত করে তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রকাশ করবেন এবং একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন।

**১২। প্রার্থিতা প্রত্যাহার:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২০ অনুসারে বৈধভাবে মনোনীত কোন প্রার্থী তদকর্তৃক স্বাক্ষরযুক্ত একটি লিখিত নোটিস, প্রার্থিতা প্রত্যাহারের দিন বা তার পূর্বে, রিটার্নিং অফিসারের নিকট স্বয়ং বা এতদুদ্দেশ্যে তদ্‌কর্তৃক লিখিতভাবে অনুমোদিত কোন প্রতিনিধি মারফত দাখিল করে তার প্রার্থিতা প্রত্যাহার করতে পারবেন। প্রার্থিতা প্রত্যাহারের কোন নোটিশ কোন অবস্থাতেই প্রত্যাহার বা বাতিল করা যাবে না। রিটার্নিং অফিসার প্রত্যাহারের কোন নোটিশ প্রাপ্ত হয়ে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নোটিসে প্রদত্ত দস্তখত প্রার্থীর, তাহলে তিনি নোটিশের একটি ফটোকপি তার অফিসের সহজে দৃষ্টি গোচরে আসে এমন কোন স্থানে টাঙ্গিয়ে দিবেন।

**১৩। ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৩ এর উপ-বিধি (১) অনুসারে ভোট গ্রহণের পূর্বে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হলে ক্ষেত্রমত, সংশ্লিষ্ট উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন কার্যক্রম রিটার্নিং অফিসারগণ বিজ্ঞপ্তির দ্বারা বাতিল করে দিবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ২৩ এর উপ-বিধি (১) এর অধীন গৃহীত ব্যবস্থা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাবেন।

(৩) রিটার্নিং অফিসারের নিকট হতে অবহিত হবার অব্যবহিত পর কমিশন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সংশ্লিষ্ট পদে নতুন নির্বাচনি তফসিল ঘোষণা করবেন এবং কমিশনের উক্ত সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন :

তবে শর্ত থাকে যে, ইতঃপূর্বে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে সাব্যস্ত হয়ে থাকলে এবং তিনি তাঁর প্রার্থিতা প্রত্যাহার না করে থাকলে তাকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না।

(৪) ভোট গ্রহণের পূর্বে মহিলা সদস্য পদে মনোনীত বৈধ কোন প্রার্থীর মৃত্যু হলে ভোটগ্রহণ অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৭/২/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc১@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৮.১৯-৩৪

তারিখ: ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

১০. বিভাগীয় কমিশনার, ....................................(সংশ্লিষ্ট)
১১. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ (সংশ্লিষ্ট রেঞ্জ)
১২. পুলিশ কমিশনার, ........................................ মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, .................................... (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................... (সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. পুলিশ সুপার, .................................... (সংশ্লিষ্ট)
২২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), .................................................. (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২৪. উপজেলা নির্বাহী অফিসার, ................................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২৬. জেলা তথ্য অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. উপজেলা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সকল)
৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................... (সংশ্লিষ্ট)
৩৪. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

০৭/০২/১৯
( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: sas_emc2@ecs.gov.bd